সমকাল

তারিখ ....28 MAY 2016..
পৃষ্ঠা ...৬... কলাম....৩.......



# বিশ্বের ভীতিকর স্কুল!

■ সমকাল ডেস্ক

শিক্ষার জন্য চীনে যাওয়ার প্রবাদ চালু আছে প্রাচীনকাল থেকে। তবে চীনের শিশুদের শিক্ষার জন্য সংগ্রাম দেখলে বুক কেঁপে উঠবে। চীনের প্রত্যন্ত পাহাড়ি গ্রাম অটুলার। সেখানে ৮০০ মিটার উঁচু পাহাড়ের খাড়া ঢাল বেয়ে নেমে আসতে বাধ্য হয় শিশুরা! অটুলার গ্রামটির অবস্থান ঠিক পাহাড় চূড়ায়, অল্প একটু জায়গায়। মাত্র ৭২ মানুষের বাস। পাহাড় চূড়ার গ্রাম থেকে ক্লাসে যোগ দিতে শিশুরা পিঠে স্কুলব্যাগ নিয়ে দুর্বল ও কাঁপতে থাকা মইয়ে করে রুক্ষ পাথরের ওপর হামাগুড়ি দিয়ে প্রায় এক কিলোমিটার দীর্ঘ খাড়া ঢাল পার হতে বাধ্য হয়। সময় লাগে প্রায় দেড় ঘণ্টা। নিয়ন্ত্রণ হারালেই প্রাণ হারানোর মতো দুর্ঘটনা অবশ্যম্ভাবী! এ কথা ভাবলেই ভয়ে গা শিউরে উঠবে যে কারোরই। স্কুলে যাওয়ার এই ছবি চলতি সপ্তাহে বেইজিংয়ের একটি পত্রিকার অনলাইন সংস্করণে প্রকাশ হওয়ার পরপরই তা ভাইরাল হয়ে যায়। ছবিগুলো তুলেছিলেন খ্যাতিমান আলোকচিত্রী চেন জাই। ৬ থেকে ১৫ বছর বয়সের ১৫টি শিশুর একটি দল পাহাড়ি ঢাল বেয়ে পার হওয়ার দৃশ্য প্রথমবারের মতো যখন দেখতে পান, তিনি বিস্ময়ে হতবাক হয়ে যান। বেইজিং নিউজকে গ্রামপ্রধান আপি জিটি বলেন, গ্রামের অন্তত ৭-৮ জন এই ঢাল পার হতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে প্রাণ হারিয়েছেন। এ পর্যন্ত আরও অনেকেই আহত হয়েছেন। দুর্ঘটনার আশঙ্কায় শিশুদের মাসে মাত্র দু'বার স্কুল থেকে পাহাড় চূড়ার গ্রামে আসতে দেওয়া হয়। দ্য গার্ডিয়ান।

